

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯৭০

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৪৩. লোকজন অপছন্দ করা সত্ত্বেও যে ব্যক্তি তাদের ইমামতি করে।

بَابِ مَنْ أُمَّ قَوْمًا وَهُمْ لَهُ كَارِهُونَ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، وَجَعْفَرُ بْنُ عَوْنٍ، عَنِ الإِفْرِيقِيِّ، عَنْ عِمْرَانَ بْنِ عَبْدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " ثَلاَثَةٌ لاَ تُقْبَلُ لَهُمْ صَلاَةٌ الرَّجُلُ يَؤُمُّ الْقَوْمَ وَهُمْ لَهُ كَارِهُونَ وَالرَّجُلُ لاَ يَأْتِي الصَّلاَةَ إلاَّ دِبَارًا _ يَعْنِي بَعْدَ مَا يَفُوتُهُ الْوَقْتُ _ وَمَنِ اعْتَبَدَ مُحَرَّرًا ".

বাংলা

১/৯৭০। আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিন ব্যাক্তির সালাত কবূল হয় নাঃ যে ব্যাক্তি লোকেদের ইমামতি করে তাকে তারা অপছন্দ করা সত্ত্বেও, যে ব্যাক্তি সালাতের ওয়াক্ত চলে যাওয়ার পর সালাত পড়ে এবং যে ব্যাক্তি কোন স্বাধীন ব্যাক্তিকে দাস বানায়।

English

It was narrated that 'Abdullah bin 'Amr said:

"The Messenger of Allah (ﷺ) said: 'There are three whose prayer are not accepted: A man who leads people while they do not like him; a man who does not come to prayer until its end – meaning after its time has expired – and one who enslaves a freed person.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ; আবূ দাউদ ৫৯৩

তাহকীক আলবানী: প্রথম ব্যাক্তির বর্ণনা পর্যন্ত সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ৬০৭, সহীহ তারগীব



৪৮৩-৪৮৬ বাকী দু ব্যাক্তির বর্ণনা যঈফ, যঈফ আবূ দাউদ ৯২। উক্ত হাদিসের রাবী (আব্দুর রহমান বিন যিয়াদ ইবনু আনউম) আল-ইফরিকী সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কান্তান বলেন, তার থেকে হাদিস বর্জনীয়। ইবনু মাহদী বলেন, তার থেকে হাদিস বর্ণনা করা উচিত নয়। আহমাদ বিন হাম্বল বলেন, আমি তার থেকে হাদিস লিপিবদ্ধ করিনি। ২. ইমরান সম্পর্কে ইয়াকুব বিন সুফইয়ান ও আল আজালী সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন তাকে দুর্বল বলেছেন। ইবনুল কান্তান বলেন, তার পরিচয় অজ্ঞাত।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন